# ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬ যথাযথভাবে আয়োজনের জন্য গঠিত কমিটির আহবায়ক মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী-এর সভাপতিত্বে প্রফেসর আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে গঠিত কমিটির সদস্যদের উপস্থিতিতে ১৫-০৬-২০২৬ তারিখ, সোমবার, দুপুর ১২:৩০ মিনিট অনুষ্ঠিত সভার-

## কার্যবিবরণী

সভার প্রারম্ভে মাননীয় কোষাধ্যক্ষ সভায় উপস্থিত সদস্যবৃন্দকে সাদর সম্ভাষণ জ্ঞাপন করেন। সভায় ১লা জুলাই ২০২৬ তারিখ, বুধবার বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

১। ০১ জুলাই ২০২৬ তারিখ, বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে সকাল ০৯:৩০ মিনিটে ভাইস-চ্যান্সেলর ভবনের সম্মুখস্থ স্মৃতি চিরন্তন চত্তরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), মাননীয় কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, সিনেট ও সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, সহকারী প্রক্টর, অফিস প্রধান, ডাকসু নেতৃবৃন্দ ও সমিতিসমূহের প্রতিনিধিবৃন্দসহ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ জমায়েত হয়ে সকাল ০৯:৪৫ মিনিটে মাননীয় ভাইস-চ্যান্সেলর-এর নেতৃত্বে এক বর্ণাঢ্য শোভাযাত্রা সহকারে ছাত্র-শিক্ষক কেন্দ্রের সম্মুখস্থ পায়রা চত্তরে গমণ।

সকাল ১০:০০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্রের সম্মুখস্থ পায়রা চত্তরে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা ও হলসমূহের পতাকা উত্তোলন, কবুতর বেলুন ও ফেস্টুন উড়ানোর মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মাননীয় ভাইস-চ্যান্সেলর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), মাননীয় কোষাধ্যক্ষ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়াও সিনেট ও সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, সহকারী প্রক্টর, অফিস প্রধান, ডাকসু নেতৃবৃন্দ ও সমিতিসমূহের প্রতিনিধিবৃন্দসহ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত থাকবেন। স্ব-স্ব হলের প্রাধ্যক্ষবৃন্দ নিজ নিজ হলসমূহের পতাকা উত্তোলন করবেন।

২। সকাল ১০:৩০ মিনিটে টিএসসি-তে অনুষ্ঠেয় আলোচনা সভায় মূল প্রতিপাদ্য **'গণতন্ত্র পুনরুদ্ধার ও উচ্চশিক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয়'** বিষয়ের ওপর মূল প্রবন্ধ উপস্থাপন করবেন **ড. এ এফ সিরাজুল ইসলাম চৌধুরী, ইমেরিটাস অধ্যাপক, ইংরেজি বিভাগ,** ঢাকা বিশ্ববিদ্যালয়।

৩। মাননীয় ভাইস চ্যান্সেলর-এর নেতৃত্বে বর্ণাঢ্য শোভাযাত্রার ব্যানারের সাইজ (২০ ফিট × সাড়ে ৩ ফিট) হবে।

৪। ১লা জুলাই ২০২৬ তারিখ বুধবার বিশ্ববিদ্যালয় দিবসের দিন বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাসসমূহ সকাল ০৯:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত বন্ধ থাকবে তবে, পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠিত হবে। অ্যালামনাইদের পরিদর্শনের সুবিধার্থে অনুষদ/হল/বিভাগ/ইনস্টিটিউটসহ সকল অফিস যথারীতি খোলা থাকবে। এ বিষয়ে বিজ্ঞপ্তি দিয়ে সংশ্লিষ্টদের অবহিত করা হোক।

৫। বিশ্ববিদ্যালয় দিবসের দিন অনুষদ/হল/বিভাগ/ইনস্টিটিউটের পক্ষ থেকে অ্যালামনাইদের পরিদর্শনের সময় সৌজন্য আপ্যায়নের ব্যবস্থা রাখা হোক। স্ব-স্ব অনুষদ/হল/বিভাগ/ইনস্টিটিউট এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সমিতির কর্মকর্তা/কর্মচারীবৃন্দ বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন এবং স্ব স্ব সমিতি এজন্য সাংগঠনিক বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য সকলকে অবহিত করবেন।

৭। বিশ্ববিদ্যালয় দিবসের দিন জরুরি চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার, এ্যাম্বুলেন্স ও ঔষধ রাখার ব্যবস্থা নেয়া হোক। শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারের প্রধান মেডিকেল অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬ উদ্‌যাপনের লক্ষ্যে গত ০২-০৬-২০২৬ তারিখে মাননীয় ভাইস-চ্যান্সেলরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় খাতের ব্যয় বিষয়ক বাজেট মাননীয় কোষাধ্যক্ষের সাথে আলোচনাপূর্বক প্রণয়নের জন্য হিসাব পরিচালক-কে অনুরোধ করা হলো।

৯। ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠান প্রচারের লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে যোগাযোগ করা হোক। এ বিষয়ে পরিচালক, পাবলিক রিলেশন্স মাননীয় ভাইস-চ্যান্সেলরের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের দিন সকাল ০৯:৩০ মিনিটে ভাইস-চ্যান্সেলর ভবনের সম্মুখস্থ স্মৃতি চিরন্তন চত্বরে শোভাযাত্রা শুরুর স্থানে, সকাল ১০:০০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্রের সম্মুখস্থ পায়রা চত্বরে পতাকা উত্তোলণের স্থানে ও সকাল ১০:৩০ মিনিটে টিএসসি অডিটোরিয়ামে অনুষ্ঠেয় আলোচনা সভায় শৃঙ্খলা রক্ষায় বিএনসিসি, রোভার ও রেঞ্জার থেকে ১৫(পনেরো)জন করে সদস্যকে দায়িত্ব প্রদানের জন্য বিএনসিসি, রোভার ও রেঞ্জার-এর প্রধানকে অনুরোধ করা হলো।

১১। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিদেশী শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি সংগীত পরিবেশনের বিষয়ে সংগীত বিভাগের চেয়ারম্যান স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হলের প্রভোস্ট-এর সাথে সমন্বয়কপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬ উদযাপন উপলক্ষে দিবসের ১০৬ পাউন্ডের কেক এবং ক্যাপ প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে আস্বস্ত করায় ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-কে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

১৩। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে একটি উন্মুক্ত কনসার্ট আয়োজনের বিষয়ে কর্তৃপক্ষের সাথে আলোচনা ও অনুমোদনপূর্বক ব্যবস্থা গ্রহণ করার জন্য ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর আহ্বায়ক/সদস্য-সচিব-কে অনুরোধ করা হলো।

১৪। দিবসের দিন কার্জন হল এবং কলা ভবনে আলোকসজ্জার বিষয়ে সরকারি প্রজ্ঞাপন যথাযথভাবে দেখে কর্তৃপক্ষের সাথে আলোচনা ও অনুমোদন গ্রহণপূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৫। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে শাহবাগ মোড়, নীলক্ষেত মোড়, পলাশী মোড় এবং দোয়েল চত্বর মোড়ে নির্মিতব্য ০৪(চার)টি তোরণ স্পন্সর-এর মাধ্যমে করা যায় কিনা সে বিষয়ে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এবং ডিন, চারুকলা অনুষদ সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

Com I/E/DU-2026/Resulation-3

২৯/০৬/২৬

১৬। সকাল ১০:৩০ মিনিটে টিএসসি-তে অনুষ্ঠেয় আলোচনা সভার ব্যানার, সভায় আগতদের দিবসের কেক বন্টন ও অন্যান্য আনুষঙ্গিক সুযোগ-সুবিধা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র, ঢাকা বিশ্ববিদ্যালয়।

এছাড়াও বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে মাননীয় ভাইস-চ্যান্সেলর-এর সভাপতিত্বে গত ০২-০৬-২০২৬ তারিখের সভার সকল সিদ্ধান্ত বহাল থাকবে।

১৭। **আগামী বছর ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখার সুপারিশ করা হলো :**

ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাইদের মধ্য থেকে দেশ, জাতি, রাষ্ট্র ও সমাজ গঠনে, শিক্ষা ও গবেষণা ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখা একজন বিশিষ্ট ব্যক্তিকে ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের দিন সম্মাননা প্রদান করা।

খ) একটি প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি থিম সং তৈরি করা, যা সার্বজনীন হবে এবং কোন নির্দিষ্ট দিবসকে কেন্দ্র করে নয় বরং বিশ্ববিদ্যালয় কেন্দ্রীক যেকোন ক্ষেত্রেই তা ব্যবহার করা যাবে।

সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-১৭-০৬-২০২৬
(অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী)
কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়
ও
আহ্বায়ক
ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস ২০২৬ উদ্‌যাপন কমিটি

স্মারকনং-রেজি/প্রশা-৩/ ৮৫৯২৯ - বি

তারিখঃ ৪/৩ /১৪৩৩ বঙ্গাব্দ
১৮/৮/২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-**

১. সিনেট ও সিন্ডিকেট সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. প্রাধ্যক্ষ/ওয়ার্ডেন, সকল হল/হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক, আরবরি কালচার সেন্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়
৮. অধ্যাপক ড. মো. মহিউদ্দিন, আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৯. অধ্যাপক এম এ কাউসার, ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়